রেজিস্টার্ড নং ডি এ-১

"জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক"

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**মঙ্গলবার, জানুয়ারি ১৯, ২০২১**

## বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ০৫ মাঘ, ১৪২৭ মোতাবেক ১৯ জানুয়ারি, ২০২১

নিম্নলিখিত বিলটি ০৫ মাঘ, ১৪২৭ মোতাবেক ১৯ জানুয়ারি, ২০২১ তারিখে জাতীয় সংসদে উত্থাপিত হইয়াছে :—

## বা. জা. স. বিল নং ০২/২০২১

## Intermediate and Secondary Education Ordinance, 1961 এর অধিকতর সংশোধনকল্পে আনীত বিল

যেহেতু নিম্নবর্ণিত উদ্দেশ্য পূরণকল্পে Intermediate and Secondary Education Ordinance,1961 (Ordinance No. XXXIII of 1961) এর অধিকতর সংশোধন সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্দ্বারা নিম্নরূপ আইন করা হইল:—

১। **সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন**।—(১) এই আইন Intermediate and Secondary Education (Amendment) Act, 2021 নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।



মূল্য : টাকা ৪.০০

২। **Ordinance No. XXXIII of 1961 এর section 18 এর সংশোধন।—** Intermediate and Secondary Education Ordinance,1961 (Ordinance No. XXXIII of 1961) এর section 18 এর sub-section (2) এর পর নিম্নরূপ sub-section (2A) সন্নিবেশিত হইবে, যথা:—

"(2A) Notwithstanding anything contained in clauses (vi), (vii) and (viii) of sub-section (2), if it is not possible to hold and conduct examinations at the end of the Intermediate and Secondary stage or any other stage thereof due to pandemic, epidemic, Act of God or for any other inevitable circumstances as determined by the government from time to time, the government may, by an order in the official Gazette, issue instructions for assessment and grant of certificates without holding and conducting examination or holding and conducting examination with short syllabus, in the manner prescribed in that Gazette, for the students in a particular year." ।

---

## উদ্দেশ্য ও কারণ সম্বলিত বিবৃতি

Intermediate and Secondary Education Ordinance, 1961-18(2)-এর (vi) (vii) (viii) উপ-ধারায় মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক স্তরে পরীক্ষা গ্রহণের মাধ্যমে ফলাফল প্রকাশ করার বিধান রয়েছে। উল্লেখ্য, ২০২০ সালে বৈশ্বিক মহামারী কোভিড-১৯ ভাইরাসের সংক্রমণের কারণে দেশে উচ্চ মাধ্যমিক পরীক্ষা গ্রহণ করা সম্ভব হয় নাই। বর্ণিত প্রেক্ষাপটে 'Intermediate and Secondary Education Ordinance, 1961 সংশোধনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। অতিমারী (pandemic), মহামারী (epidemic), দৈব-দুর্বিপাক (Act of God)-এর কারণে বা সরকার কর্তৃক সময় সময় নির্ধারিত কোনো অনিবার্য পরিস্থিতিতে পরীক্ষা গ্রহণ ব্যতীত বা সংক্ষিপ্ত সিলেবাসে পরীক্ষা গ্রহণ করে, পরীক্ষা ফলাফল প্রকাশ ও সনদ প্রদান করার জন্য সংশোধনীর প্রস্তাব করা হয়েছে। এই উদ্দেশ্য পূরণকল্পে, Intermediate and Secondary Education Ordinance, 1961 (সংশোধন) অধ্যাদেশ, ২০২০'-এর খসড়া প্রস্তুত করে মন্ত্রিসভা বৈঠকে উপস্থাপন করা হলে ১১ জানুয়ারি ২০২১ খ্রি. তারিখে মাননীয় প্রধানমন্ত্রীর সভাপতিত্বে অনুষ্ঠিত মন্ত্রিসভা বৈঠকে Intermediate and Secondary Education Ordinance, 1961 (১৯৬১ সনের অধ্যাদেশ নং ৩৩) সংশোধনকল্পে 'Intermediate and Secondary Education (Amendment) Act, 2021' আইন আকারে খসড়া নীতিগত এবং লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের ভেটিং সাপেক্ষে চূড়ান্তভাবে অনুমোদিত হয়েছে।

২। মন্ত্রিসভা বৈঠকের সদয় সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে 'Intermediate and Secondary Education (Amendment) Act, 2021'-এর খসড়া তৈরি করে লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ হতে ভেটিং করা হয়েছে। 'Intermediate and Secondary Education (Amendment) Act, 2021' বিল আকারে প্রস্তাবক্রমে জাতীয় সংসদে উপস্থাপন করা হলো।

এ আইনটি প্রণয়ন করা অতি জরুরি।

**ডাঃ দীপু মনি**
ভারপ্রাপ্ত মন্ত্রী।

---

**ড. জাফর আহমেদ খান**
সিনিয়র সচিব।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব) বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মাকসুদা বেগম সিদ্দীকা, উপপরিচালক, (উপসচিব) বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd